**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) মণিপুরে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনতে নিরাপত্তা বাহিনী সমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশ/ রাজ্যের সাতটি জেলায় ইন্টারনেট পরিষেবা বন্ধ/

(২) 'সংবাদ মাধ্যমের পরিবর্তিত রূপ' শীর্ষক বিষয়কে সামনে রেখে আজ সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও জাতীয় প্রেস দিবস পালিত/

(৩) কাছাড় জেলায় এখন থেকে সব বাণিজ্যিক প্রতিষ্ঠান রবিবার বন্ধ রাখতে হবে জেলার শ্রম আয়ুক্তের নির্দেশ/

এবং

(৪) খেল মহারণের দ্বিতীয় পর্যায় আজ থেকে কাছাড় জেলায় আরম্ভ/

---

মণিপুরে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে নিরাপত্তা বাহিনী সমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় নির্দেশ দিয়েছে। মন্ত্রণালয়ের এক বিবৃতিতে দুই সম্প্রদায়ের সশস্ত্র দুষ্কৃতিকারী হিংসায় লিপ্ত হওয়ার ফলে একাংশ নিরপরাধ লোককে প্রাণ হারাতে হয়েছে বলে জানিয়েছে। এর পরিপ্রেক্ষিতে হিংসা এবং বিদ্বেষমূলক

কার্যকলাপের সঙ্গে জড়িত লোকেদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে সতর্ক করে দেওয়া হয়েছে। উল্লেখ্য এই সংক্রান্ত গুরুত্বপূর্ণ মামলা সমূহের ফলপ্রসূ এবং বিস্তারিত তদন্তের প্রয়োজনে সেগুলি জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ-কে হস্তান্তর করা হয়েছে। এছাড়া মন্ত্রণালয় জনসাধারণকে শান্তি বজায় রাখতে কোনোধরণের উড়ো খবরে কান না দিতে এবং রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য নিরাপত্তা বাহিনীর সঙ্গে সহযোগিতা করার আহ্বান জানিয়েছে।

--------------------------------------------------------------------------------------

মণিপরে সম্প্রতি সংঘটিত অপ্রীতিকর ঘটনার পরবর্তীতে রাজ্যের বেশকয়েকটি স্থানে নতুন করে যেকোনোধরণের বেআইনী কাজকর্ম রোধের পরিপ্রেক্ষিতে রাজ্যের সরাষ্ট্র মন্ত্রণালয় মণিপুরের সাতটি জেলায় আজ বিকেল সোয়া পাঁচটা থেকে দুদিনের জন্য ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখার নির্দেশ দিয়েছে । এই সময়ে রাজ্যের পূর্ব ও পশ্চিম ইম্ফাল, বিষেণপুর, থৌবাল, কাকচিং, কাংপোকপি এবং চূড়াচান্দপুর জেলায় ভি এস এ টি, ব্রডব্যান্ড এবং ভি পি এন সেবা সহ সবধরণের ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকবে ।

এদিকে মণিপুরের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে পশ্চিম ইম্ফাল জেলায় বলবৎ থাকা কার্ফিউ আজ থেকে বিকেল পাঁচটা থেকে তিন ঘন্টার জন্য তুলে নেওয়ার যে আদেশ দেওয়া হয়েছিল, তা বাতিল করা হয়েছে । পশ্চিম ইম্ফাল জেলার জেলা ম্যাজিস্ট্রেটের আজ বিকেল সাড়ে চারটায় জারী করা এক আদেশে বলা হয়েছে যে- এই জেলায় পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সম্পূর্ণ সময়ের জন্য কার্ফিউ বলবৎ করা হয়েছে । শুধুমাত্র জরুরি সেবার আওতায় থাকা লোকেদের এই আদেশের বাইরে রাখা হয়েছে ।

--------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে আজ আসামেও জাতীয় প্রেস দিবস পালন করা হয়েছে । এই উপলক্ষে রাজ্যের তথ্য ও জনসংযোগ সঞ্চালকালয়ের উদ্যোগে দিসপুরে লোকনির্মাণ বিভাগের সম্মলন ও প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে তথ্য, জনসংযোগ, মুদ্রণ ও লেখা সামগ্রী বিভাগের মন্ত্রী পীযূষ হাজারিকা মুখ্য আতিথি হিসেবে অংশগ্রহণ করেন । এই অনুষ্ঠানে অসম সাহিত সভার প্রাক্তন সভাপতি, বিশিষ্ট গল্পকার ও পুলিশের প্রাক্তন সঞ্চালক প্রধান ডঃ কুলধর শইকিয়া নির্দিষ্ট বক্তা হিসেবে অংশগ্রহণ করেন । ‘গণমাধ্যমের পরিবর্তিত রূপ’ বিষয়ে বক্তৃতা প্রদান করে ডঃ শইকিয়া ডিজিট্যাল মাধ্যমের আগমনের ফলে গণমাধ্যমে দেখা দেওয়া পরিবর্তন সমূহের বিষয়ে উল্লেখ করেন । তিনি আরো বলেন যে- ডিজিট্যাল মাধ্যমের আগমন অবশ্যম্ভাবী এবং তা সময়োপযোগী পরিবর্তন । তবে এই পরিবর্তনের হাত ধরে আসা ভূঁয়ো তথ্য প্রচারের

মতো বিষয় সমূহের প্রতি নাগরিকদের সচেতন হওয়া উচিত । গণমাধ্যমেরও এক্ষেত্রে সঠিক তথ্য প্রদানের দায়িত্ব রয়েছে বলেও শ্রী শইকিয়া জানান । এই অনুষ্ঠানে রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের সঞ্চালক, আসাম ট্রিবিউন পত্রিকার কার্যবাহী সম্পাদক সহ বেশকয়েকজন বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

গুয়াহাটি প্রেস ক্লাবের উদ্যোগেও আজ জাতীয় প্রেস দিবস উপলক্ষে 'গণমাধ্যমের পরিবর্তিত প্রেক্ষাপট: স্বাধীনতা এবং বিশ্বাসযোগ্যতা' শীর্ষক এক বক্তৃতানুষ্ঠানের আয়োজন করা হয় । বিশিষ্ট লেখক, সাংবাদিক, পদ্মশ্রী অরূপ কুমার দত্ত এই বক্তৃতা প্রদান করেন । তিনি তাঁর বক্তব্যে সত্তরের দশকের পর থেকেই মুদ্রণ মাধ্যমের বিশ্বাসযোগ্যতা ক্রমে হ্রাস পেতে আরম্ভ করেছে বলে উল্লেখ করে বৈদ্যুতিন মাধ্যমের প্রচলনের পর এই বিশ্বাযোগ্যতা আরো হ্রাস পায় বলে মন্তব্য করেন । বর্তমানে বৈদ্যুতিন মাধ্যমগুলির সস্তায় জনপ্রিয়তা অর্জন এবং উপার্জনের সুযোগ হিসেবে কম গুরুত্বপূর্ণ খবরকে বেশি গুরুত্ব দেওয়ার প্রবণতা মুদ্রণ মাধ্যমেরও অনুকরণ করার বিষয়টিকে দুর্ভাগ্যজনক বলে শ্রী দত্ত মন্তব্য করেন । সচেতন নাগরিকরাই সংবাদ মাধ্যমকে পুনরায় দায়িত্বশীল এবং বিশ্বাসযোগ্য করে তুলতে পারবেন বলে তিনি আস্থা প্রকাশ করেন । এছাড়া রাজ্যের জেলায় জেলায় আজ জাতীয় প্রেস দিবস উপলক্ষে আলোচনা সভা, বক্তৃতা ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ এই দিবস পালন করা হয়েছে । কাছাড়ের জেলা প্রশাসনের তত্ত্বাবধানে ও জেলার তথ্য ও জনসংযোগ বিভাগের আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত 'সংবাদ মাধ্যমের পরিবর্তিত রূপ' শীর্ষক অনুষ্ঠানে জেলার বিভিন্ন মুদ্রণ ও বৈদ্যুতিন মাধ্যমের সাংবাদিকরা অংশ নেন । অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গণতান্ত্রিক মূল্যবোধ সর্বদা উন্নত রাখতে সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর গুরুত্ব আরোপ করেন । তিনি বলেন যে- স্বাধীন ও দায়িত্বশীল সংবাদপত্র গণতন্ত্রের মেরুদন্ড । প্রযুক্তির দ্রুত অগ্রগতির যুগে সংবাদপত্রকে অবশ্যই সততা এবং সত্যের প্রতি অঙ্গীকার বজায় রেখে মানিয়ে নেওয়া আবশ্যক । এর আগে জেলার তথ্য ও জনসংযোগের দায়িত্বপ্রাপত আধিকারিক ও সহকারী আয়ুক্ত বহ্নিকা চেতিয়া দিবসটির তাৎপর্য ব্যাখ্যা করে বলেন যে- সমাজের ক্ষমতায়ন এবং গণতন্ত্রকে এগিয়ে নিয়ে যেতে সংবাদ মাধ্যমের ভূমিকা অপরিসীম । এই সভায় প্রধান বক্তা আসাম বিশ্ববিদ্যালয়ের গণজ্ঞাপন বিভাগের অধ্যাপক ডঃ আলফরিদ হোসেন সংবাদ মাধ্যমের পরিবর্তনের ব্যাপক বিশ্লেষণ করে বক্তব্য রাখেন । তিনি ডিজিট্যাল অগ্রগতির বিষয়েও বিস্তারিত আলোচনা করেন । তিনি বলেন যে- বর্তমান সময়ে সাংবাদিকতার ক্ষেত্রটি প্রযুক্তির দ্বারা পরিচালিত । ডিজিট্যাল

প্ল্যাটফর্মগুলি তথ্যকে গণতান্ত্রিক করলেও এরমধ্যে কিছুক্ষেত্রে ভুল তথ্য বা খবরের সৃষ্টি হয়ে যায়। তথ্যের এই প্লাবনের মধ্যে বিশ্বাসযোগ্যতা বজায় রাখাই বড় প্রত্যাহ্বান বলে তিনি উল্লেখ করেন । এই অনুষ্ঠানে বিভিন্ন প্রতিকূল পরিস্থিতিতে তাদের অবদানের জন্য সাংবাদিকদের উপহার দিয়ে সম্মান জানানো হয় ।

করিমগঞ্জে জেলা প্রশাসন এবং জেলা তথ্য ও জনসংযোগ আধিকারিকের কার্যালয়ের যৌথ উদ্যোগে আজ এই দিবস পালন করা হয়েছে । জেলার সহকারী আয়ুক্ত রংবামন টেরনের পৌরহিত্যে আয়োজিত এই অনুষ্ঠানে করিমগঞ্জ প্রেসক্লাবের সভাপতি ও অবসরপ্রাপ্ত প্রবীন সাংবাদিক মিহির দেবনাথকে উত্তরীয় ও উপহার সামগ্রী দিয়ে সংবর্ধনা জানানো হয় । এতে জাতীয় প্রেস দিবসের এবছরের থিম- ‘সংবাদ মাধ্যমের পরিবর্তিত রূপ’ নিয়ে আলোচনা করেন রবীন্দ্র সদন মহিলা কলেজের গণজ্ঞাপন বিভাগের অধ্যাপক ডঃ এইচ এম বি নূর । এছাড়া এই অনুষ্ঠানে নববার্তা প্রসঙ্গ পত্রিকার সম্পাদক হাবিবুর রহমান চৌধুরী, করিমগঞ্জ প্রেসক্লাবের সম্পাদক অরূপ রায়, বার্তাজীবি সংঘের করিমগঞ্জ জেলা শাখার সভাপতি অসীম দেব ও সম্পাদক মুজিব আহমেদ, বদরপুর প্রেসক্লাবের সভাপতি যীশু শুক্লবৈদ্য, ই-মিডিয়া এসোসিয়েশনের সভাপতি শীর্ষেন্দু সী ও সম্পাদক হিল্লোল দত্ত, বৃহত্তর পাথারকান্দির কর্মরত সাংবাদিক সংস্থার সম্পাদক সুরজিৎ সেনকে উত্তরীয় দিয়ে সংবর্ধনা জানানো হয় । এতে স্বাগত বক্তব্য রাখেন জেলার তথ্য ও জনসংযোগ আধিকারিক ইফতিকার জামান । জেলার বিভিন্ন স্থান থেকে আসা সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা এতে অংশ নেন ।

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসন ও হাইলাকান্দি জেলার তথ্য ও জনসংযোগ আধিকারিকের কার্যালয়ের যৌথ উদ্যোগে জেলার আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে ‘সংবাদ মাধ্যমের পরিবর্তিত রূপ’ শীর্ষক আলোচনা চক্রে আকাশবাণী শিলচরের প্রোগ্রাম এক্সিকিউটিভ হিতব্রত ভট্টাচার্য সহ অন্যান্য বিশিষ্ট সাংবাদিকরা আলোচনা করেন । অনুষ্ঠানে হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম উপস্থিত ছিলেন । জেলার অন্যান্য সাংবাদিক সংস্থাও আজ এই দিবস পালন করেছে । ডিমাহাসাও জেলায়ও আজ জেলা প্রশাসনের উদ্যোগে এই দিবস পালন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

কাছাড়ের শ্রম আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিলচর শহরের দোকান ও প্রতিষ্ঠানের মালিকদের অবগতির জন্য জানিয়েছেন যে আসাম দোকান এবং প্রতিষ্ঠান আইন ১৯৭১ ইং ১১ নম্বর ধারা অনুযায়ী প্রত্যেক দোকান মালিকদের নিজ নিজ বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো প্রতি রবিবার সম্পূর্নভাবে বন্ধ রাখতে হবে । এই নির্দেশ মূলত আইন অনুযায়ী সাপ্তাহিক বন্ধের নিয়ম কার্যকর করার লক্ষ্যে জারি করা হয়েছে ।  এই নিয়ম

লঙ্ঘন করলে আইন অনুযায়ী ব্যাবস্থা নেওয়া হবে ।তবে আইন অনুযায়ী ছাড় পাওয়া প্রতিষ্ঠানগুলি এই নির্দেশের বাইরে থাকবে ।

-------------------------------------------------------------------------------------

রাস্তার বিক্রেতাদের সবলীকরণ ও প্রধানমন্ত্রী স্ট্রিট ভেন্ডরস আত্মনির্ভর নিধি প্রকল্পের সমস্যা সমাধানের পদক্ষেপ নিয়ে আলোচনা করতে আজ কাছাড়ের জেলা আয়ুক্তের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় প্রকল্পের হিতাধিকারীদের সম্মুখীন হওয়া প্রত্যাহ্বানগুলির মোকাবিলা এবং এর সমাধানের বিষয়ে আলোচনা করা হয় । সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব প্রকল্পের সফলতা নিশ্চিত করতে এর সমস্যা সমাধানের ওপর গুরুত্ব আরোপ করেন । তিনি রাস্তার বিক্রতাদের উদ্বেগ স্বীকার করে ব্যাঙ্ক ,স্থানীয় সংস্থা ও অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের সমন্বয়ের ওপর জোর দেন । তিনি অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করার পাশাপাশি সুবিধাপ্রাপকদের অভিযোগগুলি সহজ করার নির্দেশ দেন । সভায় জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে , অতিরিক্ত জেলা আয়ুক্ত এবং শিলচর পুরসভার কার্যবাহী আধিকারিক ভ্যানলাল লিম্পুইয়া নামপুই , সহ সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী স্ট্রিট ভেন্ডরস আত্মনির্ভর নিধি প্রকল্পটি ২০২০ সালের জুন মাসে চালু হয়েছিলো । যার লক্ষ্য ছিলো শহরে রাস্তার বিক্রেতাদের জন্য জমানতবিহীন কাজের অর্থ হিসেবে ঋণ প্রদান করা ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় খেল মহারনের দ্বিতীয় পর্যায় আজ থেকে শুরু হয়েছে । চলবে আগামী ২৪ শে নভেম্বর পর্যন্ত । গ্রামীণ পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড়দের নির্বাচন এবং খেলাধূলাকে গতিশীল করার জন্য এই প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । এরমধ্যে রয়েছে অ্যাথলেটিক্স , ফুটবল ,কাবাডি ,দাবা ,সাইকেল দৌড় ইত্যাদি ।

-------------------------------------------------------------------------------------

শিলচর ও উধারবন্দ টেরিটোরিয়াল রোড ডিভিশনের কার্যবাহী বাস্তুকার দুটি পৃথক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে রংপুর থেকে আঙ্গারজুড় রোড সংস্কারের কাজের জন্য আগামী ১৮ ও ১৯ নভেম্বর সন্ধ্যা ছয়টা থেকে পরদিন সকাল ছয়টা পর্যন্ত ওই সড়কে সবধরণের ভারী ও মাঝারি যানবাহন চলাচল বন্ধ থাকবে । অনুরূপভাবে দয়াপুর আরকাটিপুর রোড সংস্কারের কাজের জন্য আজ থেকে আগামী ২৫ শে নভেম্বর পর্যন্ত ছাপান্নহাল ব্রিজ পয়েন্ট থেকে আরকাটিপুর হাসপাতাল পয়েন্ট এবং ইস্তামপুর ছাপান্নহাল রোড সবধরণের যানবাহন চলাচলের জন্য বন্ধ থাকবে ।

-----------------------------------------------------------------------------------------

বদরপুর -লামডিং রেললাইন মেরামতির জন্য বিগত কয়েকদিন ধরে রেল যাত্রীরা যে সমস্যার সম্মুখীন হচ্ছেন এতে গভীর উদ্বেগ প্রকাশ করেছে  এস ইউ সি আই কম্যুনিস্ট দলের কাছাড় -করিমগঞ্জ-হাইলাকান্দি জেলা কমিটি । দলের তিন জেলা কমিটির পক্ষ থেকে এক যৌথ প্রেস বার্তায় বলা হয়েছে যে আধুনিক উন্নত প্রযুক্তির যুগে রেল লাইন মেরামতের জন্য দীর্ঘদিন যাত্রীদের অসুবিধের সম্মুখীন হতে হচ্ছে যা কোনোভাবেই কাম্য নয় । দলের পক্ষ থেকে কেন্দ্রীয় রেল মন্ত্রণালয়ের কাছে এই রেল লাইনকে অবিলম্বে মেরামত করে রেল চলাচল স্বাভাবিক করার দাবী উত্থাপন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------